

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৪১৬৫

পর্ব ২১: খাদ্য (كتاب الأَطْعَمَة)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصْلُ الْأَوَّلُ

আরবী

وَعَنْ جَابِرٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَمَرَ بِلِغْظِ الْأَصَابِعِ وَالصَّفْحَةِ وَقَالَ: إِنَّكُمْ لَا تَدْرُونَ: فِي أَيِّهِ الْبَرَكَةُ؟ . رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

৪১৬৫-[৭] জাবির (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (খাওয়ার শেষে) অঙ্গুলিসমূহ ও খাদ্যপাত্র চেটে খেতে নির্দেশ দিয়েছেন এবং বলেছেনঃ খাদ্যের কোন অংশটির মধ্যে বারাকাত রয়েছে নিশ্চয় তোমরা তা অবগত নও। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম (২০৩৩)-১৩৩, মুসনাদে আহমাদ ১৫২২৪, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২১৫৯, ইরওয়া ৭/৩১, মুসান্নাফ ইবনু আবু শায়বাহ্ ২৪৪৫৫, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১১২৩২।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (إِنَّكُمْ لَا تَدْرُونَ: فِي أَيِّهِ الْبَرَكَةُ؟) “তোমরা জান না যে, কোন অংশে বারাকাত আছে।” অর্থাৎ তোমরা যে খাবার গ্রহণ করছো সে খাবারের কোন অংশে অথবা কোন গ্রাসে বারাকাত আছে, তা তোমরা জান না। অতএব বারাকাত অর্জনের লক্ষ্যে তোমরা হাত ও খাবারের পাত্র চেটে খাবে। যাতে খাবারের সম্পূর্ণ অঙ্কন খাওয়া হয় এবং বারাকাত ছুটে না যায়। (মিশকাতুল মাসাবীহ)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=74888>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন